

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৭২.০৫.০০৪.১৭-১৭৪

তারিখঃ ২০.০৬.২০১৮খ্রিঃ


বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ৪র্থ সেক্টর কর্মসূচির (HPNSP) আওতাধীন MNC&AH অপারেশনাল প্লানভুক্ত মেটারনাল হেলথ কর্মসূচির অধীন কর্মরত ১৩(তের) জন জনবল রাজস্বখাতে স্থানান্তরকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন “মেটারনাল, নিউনেটাল, চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ” শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে মেটারনাল হেলথ কর্মসূচির অধীন নিম্নবর্ণিত কর্মরত ১৩(তের) জন জনবলকে উন্নয়ন খাত হতে রাজস্বখাতে স্থানান্তরকরণের বিষয়ে মতামত/সম্মতির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগে নির্দেশক্রমে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্র প্রেরণ করা হলো।

ক্রমিক	পদের নাম	পদসংখ্যা
১	ডাটা এন্ট্রি অপারেটর (ষ্টেনো টাইপিষ্ট)	০৪ (চার)
২	ড্রাইভার	০৪ (চার)
৩	এমএলএসএস	০৪ (চার)
৪	ক্লিনার (সুইপার)	০১ (এক)

উল্লেখ্য, বর্ণিত জনবলসমূহ ভূতপূর্ব “পাইলট প্রজেক্ট ফর ডেভেলপমেন্ট অফ মেটারনাল এন্ড নিউনেটাল হেলথ কেয়ার” শীর্ষক উন্নয়ন প্রকল্পে নিয়োগ প্রাপ্ত হয়ে প্রকল্পের মেয়াদকালীন (জুলাই/১৯৯২ইং-জুন-১৯৯৮ইং) কর্মরত জনবল প্রকল্পটি সমাপ্তির পর রাজস্বখাতে স্থানান্তরকরণের প্রক্রিয়ায় সংস্থাপন মন্ত্রণালয় ২৬/০৭/৯৯খ্রি: তারিখের সম/টিম (২)-২১/৯৯-১২০ স্মারকে উক্ত জনবলকে রাজস্বখাতে স্থানান্তরে অপারগতা জ্ঞাপন করে।

সংযুক্তি- বর্ণনামতে

  
(মেহাম্মদ নাসির উদ্দীন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৯৫৫৩

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃ: আ:- অতিরিক্ত সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা)  
জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,  
ঢাকা

সদয় অবগতিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক ও লাইন ডাইরেক্টর, মেটারনাল, নিউনেটাল চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

